

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সুন্দরবন সুরক্ষা প্রকল্প
বন ভবন, বয়রা, খুলনা।

স্মারক নম্বর: ২২.০১.০০০০.৪৫১.০৫.০৫০.২২.৩৯৮

তারিখ: ১০/০৪/২০২২খ্রি:।

নিয়োগ বিজ্ঞপ্তি

বন অধিদপ্তর কর্তৃক “সুন্দরবন সুরক্ষা প্রকল্প”টি জিওবি অর্থায়নে জানুয়ারী, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪ মেয়াদকালে বাস্তবায়নাধীন রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং:	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন	প্রার্থীর যোগ্যতা
১	সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা	১ টি	২৭,১০০/- (গ্রেড-১০)	স্নাতক (বানিজ্য), এমএম ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট দক্ষতাসহ সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২	সহকারী হিসাব রক্ষক	১ টি	১৭,০৪৫/- (গ্রেড-১৬)	স্নাতক (বানিজ্য), এমএম ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট দক্ষতাসহ সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩	মাস্টার/সারেং	২ টি	১৭,০৪৫/- (গ্রেড-১৬)	অষ্টম শ্রেণী পাস, জলযান পরিচালনার বৈধ লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৪	ইঞ্জিন ড্রাইভার/ইঞ্জিনম্যান	২ টি	১৭,০৪৫/- (গ্রেড-১৬)	অষ্টম শ্রেণী পাস, জলযান পরিচালনার বৈধ লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৬ টি	১৭,০৪৫/- (গ্রেড-১৬)	এইচ.এস.সি পাস ও কম্পিউটারের বেসিক জ্ঞানসহ সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা, কম্পিউটার টাইপে গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে ন্যূনতম ২০ শব্দ।

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

- ১। ১১/০৪/২০২২খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ১৮-৩২ বছর পর্যন্ত হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ২। চাকরির আবেদন ফরম www.forest.khulnadiv.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করতঃ বন সংরক্ষক, খুলনা অঞ্চল, বন ভবন, বয়রা, খুলনার ঠিকানায় আগামী ২৮/০৪/২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ৩। সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। প্রার্থীদের বন অধিদপ্তরের প্রচলিত নিয়োগ বিধিমালা অনুযায়ী লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায় ও www.forest.khulnadiv.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- ৫। একজন প্রার্থী যেকোন একটি পদের জন্য আবেদন করতে পারবেন। নিয়োগ প্রক্রিয়া গ্রহণের ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান অনুসরণ করা হবে।
- ৬। ক্রমিক নং ১ পদের প্রার্থীকে ৩০০/- (তিনশত) টাকা এবং অন্যান্য পদের প্রার্থীকে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা এর অনুকূলে জমা প্রদান করতঃ তার মূল কপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
- ৭। নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করে দিতে হবেঃ
 - (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - (গ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

- (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রস্টিন ছবি।
- (চ) পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র।
- (ছ) আবেদনপত্রের সাথে ১০/- মূল্যের ডাক টিকিট সহ নিজ ঠিকানা সম্বলিত ১০x৪ ইঞ্চি সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।
- (জ) সরকার নির্ধারিত বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি সদস্য) চাকুরী প্রার্থীকে ঐ কোটার চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৮। খামের উপর অবশ্যই স্পষ্টভাবে প্রার্থীর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।
- ৯। আবেদনপত্র বাছাই করে শুধুমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য আহ্বান করা হবে। লিখিত ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১০। www.forest.khulnadiv.gov.bd ওয়েবসাইটে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা ও মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়সূচী প্রকাশ করা হবে।
- ১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(নির্মল কুমার পাল)
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ও
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা।
ইমেইল: paulnirmalbgd@hotmail.com
ফোন নং- ০২৪৭৭৭০১১৮০